

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.১৩১.২৪.৫১০

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫০৩৫/২০২৪ এর ২০/০৫/২০২৪ তারিখের রুল ও আরজির প্রেক্ষিতে
পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫০৩৫/২০২৪ এর ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এম.এম. ইউসুফ আলী কর্তৃক ইউপি সচিব পদে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রদান সংক্রান্ত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫০৩৫/২০২৪ দায়ের করা হয়। এ মামলায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী এবং জেলা প্রশাসক, খুলনা-কে ৫নং প্রতিপক্ষসহ মোট ০৮(আট) জনকে প্রতিপক্ষ করা হয়েছে। মাননীয় আদালত শুনানী অন্তে গত ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর আদেশ দিয়েছেন।

০২। এমতাবস্থায়, বিবেচ্য রিট পিটিশনে জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকার পক্ষে মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। রুল ও আরজির কপি পাতা
২। ওকালতমানা ১ (এক) কপি

২৫-০৭-২০২৪
আতিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০১৯৭

সলিসিটর (যুগ্ম সচিব), সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.১৩১.২৪.৫১০/১ (৫)

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, আইন -১, স্থানীয় সরকার বিভাগ;
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;

- ৩। সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
৫। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।



A handwritten signature in black ink, appearing to read 'Atiqul', written over a horizontal line.

২৫-০৭-২০২৪
আতিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব